

তারিখ: 10/03/2017

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A -র অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- দ্য ভিলওয়ারা মহিলা আরবান কো-
অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, ভিলওয়ারা (রাজস্থান)**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণের জ্ঞাতার্থে ঘোষণা করছে যে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস) -এর ধারা 35A -এর উপধারা (1) সঙ্গে পঠিত ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা-56 র অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই), ভিলওয়ারা স্থিত দ্য ভিলওয়ারা মহিলা আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর প্রতি নির্দিষ্ট কিছু বিশেষ নিয়ন্ত্রণবিধি জারি করেছে। যার দ্বারা মার্চ 09, 2017 তারিখ কাজের শেষ (ক্লোজ অফ বিজনেস) থেকে উক্ত ব্যাঙ্ক, আরবিআই-এর মার্চ 07, 2017 তারিখাঙ্কিত বিশেষ নিয়ন্ত্রণবিধিতে উল্লেখিত ঘোষণাবলী, যার প্রতিলিপি আগ্রহী জনসাধারণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে, তা ব্যতীত ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর লিখিত আগাম অনুমোদন ছাড়া কোনও ঋণ এবং অগ্রিম মঞ্জুরি অথবা পুনর্নবীকরণ, কোনও বিনিয়োগ, তহবিল ধার করা এবং নতুন আমানত গ্রহণ সমেত কোনও দায়ভার গ্রহণ, কোনও অর্থপ্রদান সম্পর্কিত বিতরণ বা বিতরণে সম্মতিপ্রদান তা দায় এবং বাধ্যবাধকতা পালন বা অন্যকোনও বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত হলেও, কোনও আপস অথবা আয়োজন এবং বিক্রয়ে অংশগ্রহণ, তার কোনও সম্পত্তি অথবা সম্পদ হস্তান্তর বা অন্য কোনও উপায়ে বিলিবন্দোবস্ত করতে পারবে না। নির্দিষ্টভাবে, প্রত্যেক সেভিংস ব্যাঙ্ক বা কারেন্ট অ্যাকাউন্ট অথবা অন্য কোনও ডিপোজিট অ্যাকাউন্ট, তাকে যে নামেই তাকে ডাকা হোক, তার মোট ব্যালান্স থেকে অনধিক ₹ 1000/- (এক হাজার টাকা মাত্র) মূল্যের কোনও রাশি আরবিআই-এর উপরোক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির শর্তসাপেক্ষে একজন আমানতকারীকে প্রত্যাহার করার অনুমতি দেওয়া যেতে পারে।

উপরোক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি জারি হওয়ার অর্থ আরবিআই কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা নয়। ব্যাংকটির আর্থিক অবস্থার উন্নতি ঘটা অবধি বিধিনিষেধের অধীনে উক্ত ব্যাঙ্ক ব্যাঙ্কিং কাজকর্ম অব্যাহত রাখতে পারবে। উদ্ধৃত পরিস্থিতির উপর নির্ভর করে রিজার্ভ ব্যাঙ্ক এইসকল বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি: 2016-2017/2427

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা